



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
আঞ্চলিক কার্যালয়, বিসিক, খুলনা



বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক (জুলাই- সেপ্টেম্বর/২০২২) সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব তাহের নাসরীণ
আঞ্চলিক পরিচালক(ডারগ্রাণ্ড), বিসিক, খুলনা।
সভার তারিখ ও সময় : ২৯/০৯/২০২২, বিকাল ২.০০ ঘটিকা
সভার স্থান : আঞ্চলিক পরিচালক এর অফিস কক্ষ।
উপস্থিত তালিকা : 'পরিশিষ্ট ক'

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতেই তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল এর আলোকে শুদ্ধাচারের এর গুরুত্ব ও প্রয়োজনীয়তা উপর আলোকপাত করেন। তিনি জানান, সমাজে শুদ্ধাচার বাস্তবায়িত হলে জাতীয় উন্নয়ন অনেক বেশী ত্বরান্বিত হবে। সুখী, সমৃদ্ধ ও উন্নত দেশ গড়তে জাতীয় শুদ্ধাচারের ভূমিকা অনেক। জাতীয় শুদ্ধাচার বাস্তবায়নের মাধ্যমে আমরা দুর্নীতিমুক্ত, শোষণমুক্ত ও শৃঙ্খলাময় সমাজ ও রাষ্ট্র ব্যবস্থা গড়ে তুলতে পারবো। তিনি আঞ্চলিক অফিস, খুলনা এর প্রত্যেক কর্মচারী যাতে শুদ্ধাচার মেনে সেবা প্রদানে আন্তরিক থাকেন সে বিষয়ে সকলকে আহবান জানান।

ক্রমিক নং	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	বিসিক আঞ্চলিক কার্যালয় খুলনা কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচারের ত্রৈমাসিক পরিবেক্ষণ প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করণ,	জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১ম ত্রৈমাসিক পরিবেক্ষণ প্রতিবেদন আগামী ৩০/০৯/২০২২ এর মধ্যে ওয়েবসাইটে আপলোড করতে হবে।	সদস্য সচিব শুদ্ধাচার নৈতিকতা কমিট
২.	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ	জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত ০১ টি প্রশিক্ষণ করতে হবে।	সদস্য সচিব
৩.	কর্ম পরিবেশ উন্নয়ন	কর্ম পরিবেশ উন্নয়নের অফিস চত্বর পরিষ্কার রাখার ব্যবস্থা করতে হবে।	উপ-ব্যবস্থাপক
৪.	দুর্নীতি বিরোধে সভার আয়োজন	দুর্নীতি প্রতিরোধমূলক সচেতনতা বৃদ্ধির জন্য আঞ্চলিক কার্যালয় ও বিসিক জেলা কার্যালয়, খুলনার কর্মকর্তা/ কর্মচারীদের নিয়ে সভা আয়োজন করতে হবে।	বিশেষজ্ঞ-১
৫.	২০২২-২০২৩ অর্থবছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ	এ কার্যালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	সদস্য সচিব

ক্রমিক নং	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৬.	ই- নথির ব্যবহার বৃদ্ধি	ই- নথির ব্যবহার বৃদ্ধি করতে হবে	মূল্যায়ন কর্মকর্তা
৭.	তথ্য বাতায়ন হালনাগাদকরণ	তথ্য বাতায়নে সকল সেবা প্রদান সংক্রান্ত তথ্য ত্রৈমাসিক ডিভিডিতে আপলোড করতে হবে।	উপ-ব্যবস্থাপক
৮.	ঋণ বিতরণ কার্যক্রম মনিটরিং/ তদারকিকরণ	ঋণ বিতরণ কার্যক্রম মনিটরিং/তদারকি করণের প্রতিবেদন প্রস্তুত করতে হবে	মূল্যায়ন কর্মকর্তা
৯.	অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা(অনিক) ও আপীল কর্মকর্তা ত্রৈমাসিক ডিভিডিতে হালনাগাদ করণ	অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা(অনিক) ও আপীল কর্মকর্তার তথ্য হালনাগাদ করতে হবে	বিশেষজ্ঞ ২
১০.	সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ডিভিডিতে হালনাগাদ করণ	সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ডিভিডিতে হালনাগাদ করতে হবে।	বিশেষজ্ঞ ২
১১.	তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান	তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান করতে হবে।	তথ্য প্রদানকারী কর্মকর্তা

সভার আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে খন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শ্রী:

(তাহেরা নাসরীণ)

আঞ্চলিক পরিচালক(ডারপ্রাণ্ড)


বিসিক, খুলনা।

ইমেইল:rdkhulna@bscic.gov.bd

স্মারক নং- ৩৬.০২.০০০০.০০০.০৫.২৮৫.১৭ / ৭০০(৬)

তারিখঃ- ১৪ আশ্বিন ১৪২৯
২৯ সেপ্টেম্বর ২০২২

- অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে
- ১.পরিচালক(শিল্প উন্নয়ন ও সম্প্রসারণ) বিসিক, ঢাকা।
 - ২.সচিব, বিসিক,ঢাকা।
 - ৩.চেয়ারম্যানের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)



(তাহেরা নাসরীণ)

আঞ্চলিক পরিচালক(ডারপ্রাণ্ড)

বিসিক, খুলনা।

ইমেইল:rdkhulna@bscic.gov.bd